গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা
এস এ শাখা
www.comilla.gov.bd

স্মারক নম্বর-০৫.৪২.১৯০০.০১৬.৩৬.০০২.১৯-৮ (৫০)

তারিখ: ১৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

২০ একরের উর্ধ্বে এবং ২০ একর পর্যন্ত আয়তন বিশিষ্ট জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন আহ্বান বিজ্ঞপ্তি

এতদ্বারা ভূমি মন্ত্রণালয়ের ১৭/১২/২০২৪ খ্রিস্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯.(অংশ-২)-৬৯৪ নম্বর প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী কুমিল্লা জেলাধীন ২০ একরের উর্ধ্বে এবং ২০ একর পর্যন্ত আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত বদ্ধ জলমহাল ১৪৩২ বঙ্গাব্দ সনে দখল প্রদানের তারিখ হতে ১৪৩৪ বঙ্গাব্দ সনের ৩০ চৈত্র অর্থাৎ আগামী ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদ পর্যন্ত সময়ের জন্য ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষপঞ্জিকার (Calender Year) মধ্যে নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী ও বর্ণিত শর্তাধীনে অনলাইনে **jm.lams.gov.bd** ওয়েবসাইটে আবেদন আহবান করা যাচ্ছে।

সময়সূচী

অনলাইনে আবেদন দাখিল	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল
১৫/০১/২০২৫ (০১ মাঘ কার্তিক ১৪৩১) থেকে ২৮/০১/২০২৫ (১৪ মাঘ ১৪৩১)	২৯/০১/২০২৫ (১৫ মাঘ ১৪৩১) থেকে ০২/০২/২০২৫ (১৯ মাঘ ১৪৩১)

১৪৩২ হতে ১৪৩৪ বাংলা সন পর্যন্ত ইজারাযোগ্য সরকারি জলমহালের সম্ভাব্য বার্ষিক ইজারামূল্যসহ তালিকা নিম্নরূপ:

ক্রম:	জলমহালের নাম	উপজেলার নাম	তফসিল	পরিমাণ (একর)	(১৪৩২-১৪৩৪) বাংলা সনের সম্ভাব্য সরকারি মূল্য
১.	ধর্মসাগর	আদর্শ সদর	৯৩ নং ছোটরা খতিয়ান-০১ দাগ-১৩০৪	২৩.১৮	১৩,৩৪,৫৫০/-
২.	মরা গোমতী নদী জলমহাল ব্লক-১ ও ব্লক-২	আদর্শ সদর	মৌজা-বজ্রপুর, ছোটরা ও বিষ্ণুপুর খতি:০১ দাগ-২৫৪১, ৫২০,৮৯০	২৬.০০	৪,৮৮,২৫০/-
৩.	মরা গোমতী নদী জলমহাল ব্লক-৩ ও ব্লক-৪	আদর্শ সদর	মৌজা-বজ্রপুর, সুজানগর ও টিক্কারচর খতি:০১ দাগ-২৪০,৯৭,০১	৩৯.১০	৪,৫১,৫০০/-
৪.	কাজিরগাঁও দিঘী	হোমনা	মৌজা-১০৪ ভাষানিয়া, খতিয়ান-০১ দাগ-২১৬৮	২৩.৮৩	৭৮,৭৫০/-
৫.	তালপুকুর	আদর্শ সদর	মৌজা-কান্দিরপাড় খতিয়ান-০১ দাগ নম্বর:৪৫৩	১.৮০	৪২,০০০/-

CamScanner

অনলাইন আবেদন সংক্রান্ত নির্দেশনাবলী:

ক) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণের জন্য আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার আবেদন দাখিল করতে পারবে। **বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়সূচী অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা এর রাজস্ব শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে জেলা প্রশাসক, কুমিল্লা এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যেকোনো তফসিলি ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে আবেদন ফরম ক্রয় করতে হবে। পুরণকৃত আবেদন ফরমটি অনলাইনে স্ক্যান করে দাখিলপুর্বক ফরমের মুল কপি এবং ৫০০/-(পাঁচশত) টাকা জমার রশিদসহ অন্যান্য প্রিন্টেড কপির সাথে জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লায় দাখিল করতে হবে।**

খ) অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

গ) ২০ একরের উর্ধ্বে এবং ২০ একর পর্যন্ত আগামী ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ (২৮ জানুয়ারী ২০২৫) পর্যন্ত। অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনে বর্ণিত তথ্যাদির গোপনীয়তা প্রযুক্তিগতভাবে আবেদন দাখিলের শেষ সময়সীমা পর্যন্ত সংরক্ষণ করা হবে। তবে আবেদন দাখিলকারী আবেদন দাখিলের পর আবেদনের সকল তথ্যাদির প্রিন্টিং কপি সংগ্রহ করতে পারবে।

ঘ) অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ অথবা ২৮ জানুয়ারী পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতস্বরূপ 'জেলা প্রশাসক, কুমিল্লা এর অনুকূলে প্রদত্ত ইজারামূল্যের ২০% ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লায় দাখিল করতে হবে। ইজারাগ্রহীতা সমিতিকে ১ম বছরের মতই পরবর্তী বছর হতে প্রতি বছর বার্ষিক ইজারামূল্যের সাথে সংশ্লিষ্ট বছরের ইজারামূল্যের ২০% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জামানতস্বরুপ জেলা প্রশাসক, কুমিল্লা এর অনুকূলে জমা দিতে হবে, যা ইজারাগ্রহীতা সমিতির শেষ অর্থাৎ ৩য় বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে। জামানত বাবদ দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর সঠিকতা যাচাইয়ের স্বার্থে ব্যাংক হতে আবেদনকারী বরাবর সরবরাহকৃত (যিনি আবেদন জমা করবেন তার নামে ব্যাংক হতে ইস্যুকৃত) জামানতের পে-স্লিপ (জমার বিবরণ) অবশ্যই আবেদনের সাথে জমা প্রদান করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে **''জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন''** কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

ঙ) **২০ একরের উর্ধ্বে এবং ২০ একর পর্যন্ত আয়তন বিশিষ্ট জলমহাল ইজারা পাওয়ার আবেদনের সাথে (১) উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (প্রকল্প ছকে) (২) প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি (৩) নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি (৪) আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র (৫) প্রকৃত মৎস্যজীবী মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে, নিজেরাই তা পরিচালনা করবেন এমন অঙ্গীকারনামা (৬) সভাপতি, সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারি কোনো বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোনো সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসনের জেনারেল সার্টিফিকেট অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র (৭) সমিতির সদস্যের জাতীয় পরিচয়পত্র (৮) জেলা প্রশাসক, কুমিল্লা বরাবর প্রদেয় বাবদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি (৯) মৎস্যজীবী পরিচয়পত্র (এফআইডি কার্ড) (১০) সমিতির গঠনতন্ত্র (১১) সমিতির সভার কার্যবিবরণী (১২) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক'স রুলস অনুসারে) (১৩) অডিট রিপোর্ট দাখিল করতে হবে (নতুন সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নয়)।**

(চ) আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের পর জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং ভূমি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা হবে।

(ছ) ইজারাগ্রহীতাকে প্রত্যেক বছরের ইজারামূল্যের উপর সরকারি ধার্যকৃত আয়কর, ভ্যাট ও অন্যান্য সরকারি পাওনা পরিশোধ করতে হবে।

(জ) জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি, ইজারা পাওয়ার জন্য অন্যান্য সকল শর্তাদি (পরিশিষ্ট-ক) জেলা ওয়েব পোর্টাল www.comilla.gov.bd ও জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা এর নোটিশ বোর্ড ও রাজস্ব(এস.এ) শাখা হতে জানা যাবে।

(ঝ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত/অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন/বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৬/০১/২০২৫

মো: আমিরুল কায়ছার
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি,
কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০০৩০১

CamScanner